**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date : 03.04.2025** **Desk in Charge : SDG**
**Time : 7-35 AM** **Compiling: & NR :- NBR**
**DEO: KB**

Opening Announcement :- আকাশবাণী, খবর পড়ছিঃ-

<u>বিশেষ বিশেষ খবরঃ-</u>

১/ দীর্ঘ আলোচনার পর ওয়াকফ (সংশোধনী) বিল ২০২৫ লোকসভায় গৃহীত হয়েছে।

# মুখ্যমন্ত্রী বলেছেন, আইন করে কারোর সাংবিধানিক ক্ষমতা কেড়ে নেওয়ার অধিকার সরকারের নেই। # প্রদেশ কংগ্রেস, এই বিল বাতিলের দাবীতে আজ ও আগামীকাল পথে নামছে।

২/ সুপ্রীম কোর্টে আজ SSC মামলায় রায় ঘোষণা করা হবে।

৩/ রাজ্যের নতুন মুখ্য নির্বাচনী আধিকারিক হিসেবে আজ থেকে কার্যভার গ্রহণ করছেন মনোজ আগরওয়াল।

৪/ উচ্চ মাধ্যমিক পরীক্ষায় পুরনো পাঠক্রমে অকৃতকার্য হলেও সেমিস্টার পদ্ধতিতে পড়ুয়ারা ফের পরীক্ষা দেওয়ার সুযোগ পাবে বলে উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদ জানিয়েছে।

৫/ ইডেনে আজ IPL-এর ম্যাচে কলকাতা নাইট রাইডার্স, সানরাইজার্স হায়দ্রাবাদের মুখোমুখি হবে। খেলা শুরু সন্ধ্যা সাড়ে সাতটায়।

*****************************************************************

দীর্ঘ আলোচনার পর 'ওয়াকফ সংশোধনী বিল', লোকসভায় গৃহীত হয়েছে। সংসদের নিম্ন কক্ষে বিল নিয়ে আট ঘন্টা আলোচনার কথা থাকলেও, ১২ ঘন্টার'ও বেশী সময় ধরে সওয়াল-জবাবের পর ভোটাভুটি হয়। বিলের পক্ষে ২৮৮ এবং বিপক্ষে ২৩২ টি ভোট পড়ে। অধ্যক্ষ ওম বিড়লা, ভোটের ফলাফল ঘোষণা করেন।

( বাইট- ওম বিড়লা )

ওয়াকফ (সংশোধনী) বিল ২০২৫-এর লক্ষ্য হল, ওয়াকফ সম্পত্তির ব্যবস্থাপনার সরলীকরণ, ঐতিহ্যবাহী স্থানগুলিকে সুরক্ষিত এবং সামাজিক কল্যাণ সুনিশ্চিত করা। এই আইনের উদ্দেশ্য, সম্পত্তি ব্যবস্থাপনায় স্বচ্ছতা বৃদ্ধি, ওয়াকফ বোর্ড এবং স্থানীয় কর্তৃপক্ষের মধ্যে সুসমন্বয় গড়ে তোলার পাশাপাশি অংশীদারদের অধিকার রক্ষা। বিলটিতে মুসলিম মহিলা, বিশেষ করে বিধবা এবং তালাকপ্রাপ্ত মহিলাদের অর্থনৈতিক ও সামাজিক অবস্থার উন্নতির সংস্থান'ও রয়েছে। বিলের উপর বিতর্কের জবাবে সংখ্যালঘু বিষয়ক মন্ত্রী কিরেন রিজিজু বলেন, সম্পত্তি কেড়ে নেওয়ার বিষয়ে বিরোধীরা যে বিভ্রান্তিমূলক প্রচার চালাচ্ছেন, তা' সর্বৈব মিথ্যা।

( বাইট- **কিরণ রিজিজু ৭-৩৫** )

আলোচনায় অংশ নিয়ে তৃণমূল কংগ্রেস সাংসদ কল্যাণ বন্দ্যোপাধ্যায়, প্রস্তাবিত আইনটিকে ভুল ধারণা, অযৌক্তিক এবং স্বেচ্ছাচারী বলে অভিহিত করেছেন। তিনি অভিযোগ করেছেন যে এটি মুসলিম সম্প্রদায়ের অধিকার খর্ব করার প্রচেষ্টা।

এদিকে, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি বলেন, আইন করে কারোর সাংবিধানিক ক্ষমতা কেড়ে নেওয়ার অধিকার সরকারের নেই। গতকাল নবান্নে এক সাংবাদিক বৈঠকে তিনি এব্যাপারে বিজেপিকে 'জুমলা পার্টি' বলে মন্তব্য করেন।

( বাইট- **মমতা** / রাত ১০ টা)

বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী মুখ্যমন্ত্রীর এই মন্তব্যে কটাক্ষ করে বলেন, ওয়াকফ(সংশোধনী) বিলকে মুসলিমরাই সার্বিকভাবে স্বাগত জানাচ্ছে। রাজনৈতিক উদ্দেশে এর বিরোধিতা করছেন মুখ্যমন্ত্রী। বিজেপিকে কালিমালিপ্ত করে মুখ্যমন্ত্রী সাধারণ মানুষের গণতান্ত্রিক অধিকারকে অশ্রদ্ধা করছেন বলে অভিযোগ করেন বিরোধী দলনেতা।

( বাইট- **শুভেন্দু** )

অন্যদিকে, কংগ্রেস এই বিল বাতিলের দাবীতে আজ ও আগামীকাল পথে নামবে বলে জানিয়েছেন প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার।

( বাইট- **শুভঙ্কর** )

বিশিষ্ট আইনজীবি, রাজ্যসভার সাংসদ বিকাশ রঞ্জন ভট্টাচার্য আকাশবাণীকে জানিয়েছেন, দেশে ওয়াকফের থেকেও অনেক বড় সমস্যা রয়েছে। সরকারের উচিত, সেদিকে নজর দেওয়া। ওয়াকফ সম্পত্তির ক্ষেত্রে দুর্নীতি হচ্ছে কিনা, সেজন্য তদন্তের প্রয়োজন, আইন পরিবর্তনের নয়।

( বাইট- **বিকাশ রঞ্জন** )

লোকসভায় এই বিল পাশ হওয়ার সঙ্গে সঙ্গে, রাজ্যের বিভিন্ন এলাকায় গভীর রাতে মানুষজন উচ্ছ্বাস ব্যক্ত করেন।

**********************

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী বিভিন্ন ওষুধের দাম বৃদ্ধি নিয়ে উদ্বেগ প্রকাশ করে তা প্রত্যাহারের জন্য কেন্দ্রীয় সরকারের কাছে দাবি জানিয়েছে। জাতীয় ঔষুধ মূল্য নির্ধারণ কর্তৃপক্ষ, ডায়াবেটিস, ক্যান্সার সহ গুরুত্বপূর্ণ ৭৪৮টি ওষুধের দাম বৃদ্ধি করেছে। গতকাল এর তীব্র প্রতিবাদ জানিয়ে মুখ্যমন্ত্রী বলেন, সাধারণ মানুষের সুস্থতার কথা কেন্দ্রীয় সরকার ভাবছেনা। এক শ্রেণীর মানুষের স্বার্থরক্ষা করতেই এই পদক্ষেপ কিনা, তা নিয়ে প্রশ্ন তুলেছেন মুখ্যমন্ত্রী।

এদিকে, দাম বৃদ্ধির এই সিদ্ধান্তের বিরুদ্ধে তৃণমূল কংগ্রেস আগামী শুক্র ও শনিবার রাজ্যের প্রতিটি ব্লকে তীব্র আন্দোলন গড়ে তুলবে বলে মুখ্যমন্ত্রী জানান। বিকেল চারটে থেকে পাঁচটা পর্যন্ত এই প্রতিবাদ মিছিলে তিনি সকল শুভবুদ্ধিসম্পন্ন মানুষকে যোগ দেওয়ার আহ্বান জানিয়েছেন। নির্ধারিত মূল্যের চেয়ে বেশি দামে জীবনদায়ী ওষুধ বিক্রির অভিযোগ ওঠায়ে রাজ্য সরকার বিষয়টি দেখার জন্য স্বাস্থ্য দপ্তরকে নির্দেশ দিয়েছে।

**********************

সুপ্রীম কোর্টে আজ SSC মামলার রায় ঘোষণা করা হবে। শীর্ষ আদালতের প্রধান বিচারপতি সঞ্জীব খান্না ও বিচারপতি সঞ্জয় কুমারের বেঞ্চ এই মামলার শুনানি শেষে রায়দান স্থগিত রেখেছিল।

উল্লেখ্য, ২০১৬ সালের নিয়োগ প্রক্রিয়ায় বিপুল দূর্নীতির অভিযোগে কলকাতা হাইকোর্টের বিচারপতি দেবাংশু বসাক ও বিচারপতি মহ: শব্বার রাশিদি গত বছর মে মাসে প্রায় ২৫ হাজার ৭৫৩ জনের চাকরি বাতিল করতে নির্দেশ দিয়েছিলেন স্কুল সার্ভিস কমিশনকে। দুই বিচারপতির বেঞ্চের পর্যবেক্ষণ ছিল, এই নিয়োগে এত দুর্নীতি হয়েছে যেখানে চাল থেকে কাঁকর বেছে আলাদা করা আদালতের পক্ষে সম্ভব নয়। স্কুল সার্ভিস কমিশন পুনরায় শূন্যপদে পরীক্ষা নিয়ে নিয়োগ করবে। কিন্তু সেই নির্দেশের বিরুদ্ধে শীর্ষ আদালতে আবেদন জানায় চাকরি খোয়াতে বসা কর্মরতরা। দীর্ঘ শুনানির পর রায় ঘোষণা স্থগিত ছিল।

***********************

রাজ্যের নতুন মুখ্য নির্বাচনী আধিকারিক হলেন মনোজ আগরওয়াল। ১৯৯০ ব্যাচের আইএএস আধিকারিক শ্রী আগরওয়াল এতদিন বন ও বিপর্যয় মোকাবিলা দপ্তরের অতিরিক্ত মুখ্য সচিবের দায়িত্ব পালন করেছেন। আজ থেকে তিনি মুখ্য নির্বাচনী আধিকারিকের দায়িত্ব পালন করবেন। তাঁর জায়গায় বন দপ্তরের প্রধান সচিব হলেন ইন্ডিয়ান ফরেষ্ট সার্ভিসের দেবল রায়। তিনি একইসঙ্গে প্রধান মুখ্য বনপালের দায়িত্বও সামলাবেন। বিপর্যয় মোকাবিলা দপ্তরের দায়িত্বে এসেছেন আইএএস রাজেশ কুমার সিনহা। তিনি আবাসন, ক্রীড়া ও যুব কল্যাণ দপ্তরের সঙ্গে অতিরিক্ত দায়িত্ব হিসেব এই পদ সামলাবেন। এর সঙ্গেই একাধিক প্রশাসনিক পদে রদবদলের কথা জানিয়ে গতকাল রাজ্য সরকারের পক্ষ থেকে বিবৃতি জারী করা হয়।

***********************

ভুয়ো ভোটার কার্ড ইস্যুতে নির্বাচন কমিশন, কৃষ্ণনগর ২ নম্বর ব্লকের সমষ্টি উন্নয়ন আধিকারিক তথা সহকারি ইলেকটোরাল রেজিস্ট্রেশন অফিসারকে ‘শোকজ’ করেছে।

ভোটার কার্ডের নম্বর বিভ্রাট ও ভোটার তালিকাতে ভুয়ো নাম ঢোকানো নিয়ে বিজেপি ও তৃণমূল কংগ্রেসের অভিযোগ পাল্টা অভিযোগকে কেন্দ্র করে এই ধরনের ঘটনা রুখতে নির্দেশ দেয় নির্বাচন কমিশন। ভোটার কার্ড বিভ্রাট দ্রুততার সঙ্গে সমাধান করতে ইআরও দের বিশেষ ক্ষমতা দেওয়া হয়। এ ব্যাপারে কাজ কতটা এগিয়েছে তা রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতরকে ৩১ মার্চের মধ্যে রিপোর্ট দিয়ে জানাতে বলা হয়। সেখানেই কয়েক জায়গায় আধিকারিকদের কাজ নিয়ে প্রশ্ন ওঠে। তারই প্রেক্ষিতে এই পদক্ষেপ বলে কমিশন সূত্রে জানা গেছে।

**********************

উচ্চ মাধ্যমিক পরীক্ষায় পুরনো পাঠক্রমে অকৃতকার্য হলেও সেমিস্টার পদ্ধতিতে পড়ুয়ারা ফের পরীক্ষা দেওয়ার সুযোগ পাবে বলে উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদ জানিয়েছে। আগামী বছর থেকে নতুন পাঠক্রম অনুযায়ী উচ্চ মাধ্যমিক পরীক্ষা হবে। বিজ্ঞপ্তি জারি করে জানিয়েছে, উচ্চ মাধ্যমিক পরীক্ষার্থীরা ছাড়াও কোনও পরীক্ষার্থী টেস্ট পরীক্ষা পাশ না করলেও তারা চাইলে নিয়মিত পরীক্ষার্থী হিসেবে সেমিস্টার পদ্ধতিতে পরীক্ষায় বসার সুযোগ পাবে। এর পাশাপাশি পুরনো পদ্ধতিতেও পরীক্ষা দেওয়ার রাস্তা খোলা থাকবে অকৃতকার্য পরীক্ষার্থীদের কাছে। ২৫ এপ্রিল থেকে ৩১ মে পর্যন্ত অনলাইনে এর জন্য আবেদন জানাতে পারবে পড়ুয়ারা।

উল্লেখ্য, গত বছর থেকে উচ্চমাধ্যমিকে সেমিস্টার পদ্ধতি চালু হয়েছে।

**********************

দক্ষিণ ২৪ পরগনার বারুইপুর জেলা পুলিশ গুজরাতের প্রতারকদের কাছ থেকে ২কোটি ৫৫ লাখ ৪২৭ টাকা উদ্ধার করেছে, যা এখনও পর্যন্ত রেকর্ড । বারুইপুর পুলিশ জেলার পুলিশ সুপার পলাশ চন্দ্র ঢালি জানিয়েছেন, নরেন্দ্রপুর থানা এলাকার বাসিন্দা অমিত কুমার কুণ্ডু সম্প্রতি এক বহুজাতিক সংস্থা থেকে অবসর নিয়েছেন। অনলাইনে তিনি কিছু বিনিয়োগ প্রকল্পের সন্ধান পান । পর্যায় ক্রমে আরও ভালো রিটার্নের আশায় তিনি টাকা জমাতে শুরু করেন । এরপর টাকা তোলার চেষ্টা করলে তিনি বুঝতে পারেন যে প্রতারিত হয়েছেন। সঙ্গে সঙ্গ বারুইপুর সাইবার ক্রাইম থানায় ৩১শে জানুয়ারী

অভিযোগ দায়ের হয় । ঘটনার তদন্তে নেমে ব্যাঙ্কে ৫৬ লক্ষ টাকা ফ্রিজ করে তা উদ্ধার করে পুলিশ। পরবর্তীকালে তদন্ত পর্যায়ক্রমে চালিয়ে বিভিন্ন তথ্যের উপর নির্ভর করে গুজরাতে একটি প্রতারণা চক্রের হদিস মেলে। একটি সাইবারক্রাইম প্রতারণার মামলায় পুনে পুলিশের হেফাজতে থাকা এক ব্যক্তিকে জিজ্ঞাসাবাদ করে এই বিপুল পরিমাণ অর্থ উদ্ধার হয়। পুলিসের ভূমিকায় অত্যন্ত খুশি অমিত বাবু।

*********************

ইডেনে আজ IPL-এর ম্যাচে কলকাতা নাইট রাইডার্স, সানরাইজার্স হায়দ্রাবাদের মুখোমুখি হবে। খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়। দুই দলই তিনটি করে ম্যাচ খেলে একটি করে ম্যাচে জয়ী হয়েছে। নেট রান রেটে এগিয়ে থাকায় হায়দ্রাবাদ অষ্টম স্থানে, কলকাতা সব শেষে রয়েছে।

এদিকে, মেট্রো রেল, কলকাতার ইডেন গার্ডেন্স-এ আজ IPL দেখে ফেরা দর্শকদের সুবিধায় মধ্যরাতে দুটি করিডরে বিশেষ ট্রেন চালাবে। কবি সুভাষ- দক্ষিণেশ্বর করিডরে রাত বারোটায় ধর্মতলা থেকে দক্ষিণেশ্বর এবং কবি সুভাষের দিকে দুটি ট্রেন চালানো হবে বলে এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে। অন্যদিকে ধর্মতলা থেকে হাওড়া ময়দানের দিকে একই সময় একটি ট্রেন চালানো হবে। এই ট্রেনে অতিরিক্ত ১০ টাকা করে যাত্রী পিছু ভাড়া দিতে হবে।

*********************

প্রায় ২৫ বছর পরে বাংলায় আন্তঃরাজ্য দৃষ্টি প্রতিবন্ধীদের ক্রিকেট প্রতিযোগিতা অনুষ্ঠিত হচ্ছে। ৮টি রাজ্য এতে অংশ নেবে। Visually Impaired Cricket Association of Bengal আয়োজিত এই প্রতিযোগিতা আগামী ১২ থেকে ১৪ই এপ্রিল বিধান নগর ক্রিকেট অ্যাকাডেমি, কলকাতা ময়দানে রাজস্থান ও বাটা মাঠে হবে। দৃষ্টি প্রতিবন্ধীদের ক্রিকেট খেলার সূচনায় অন্যতম সংগঠক, জন আব্রাহাম প্রতিযোগিতা চলাকালীন কলকাতায় আসবেন। তিনিই ভারতে দৃষ্টিহীনদের ক্রিকেট খেলার প্রচলন করেন।

*****************************************************************